

যায়যায়দিন

৯
১১/১১/১১

তারিখ 10 JUN 2007
পৃষ্ঠা ৫ কলাম ২

হমকির মুখে দেশের ৬৪ কারিগরি শিক্ষা প্রতিষ্ঠান

এমতেশামুল হক শাওন খুলনা অফিস
অর্থ মন্ত্রণালয়ের নেয়া এক সিঁছাত্তের ফলে হমকির মুখে পড়েছে খুলনা বিভাগের ১০টিসহ দেশের ৬৪টি কারিগরি শিক্ষা প্রতিষ্ঠান। অনিশ্চিত হয়ে পড়েছে এসব প্রতিষ্ঠানে কর্মরত প্রায় দুই হাজার শিক্ষক-কর্মচারীর চাকরি এবং ৪০ হাজার ছাত্রছাত্রীর ডিবিয়াং শিক্ষা জীবন। এ অবস্থায় এসএসসি ও এইচএসসি সময়ানের কারিগরি শিক্ষা ব্যবস্থাকে সম্বল্টের স্বত থেকে রক্ষার জন্য চিফ অ্যাডজাইন্ডরের কাছে লিখিত আবেদন জানিয়েছেন ৬৪টি টেকনিকাল স্কুল ও কলেজের শিক্ষক-কর্মচারীরা।
সংশ্লিষ্ট সূত্র জানায়, সাধারণ শিক্ষার পাশাপাশি কারিগরি শিক্ষা কার্যক্রম এসএসসি (জোকেশনাল) এবং এইচএসসি (জোকেশনাল) যথাক্রমে ১৯৯৫ ও ১৯৯৭

সাল থেকে চালু হয়। ১৯৯৬ সালে একনেক এ কার্যক্রম অনুমোদন করে। দেশের বিভিন্ন জেলায় প্রতিষ্ঠিত ৫১টি সরকারি জোকেশনাল ট্রেনিং ইন্সটিটিউটকে উন্নীত করার পাশাপাশি আরো ১৩টি নতুন শিক্ষা প্রতিষ্ঠান স্থাপন করে মোট ৬৪টি জোকেশনাল ট্রেনিং ইন্সটিটিউটে এসএসসি ও এইচএসসি সময়ানের কোর্স চালু করা হয়, যা বর্তমানে টেকনিকাল স্কুল অ্যান্ড কলেজ নামে পরিচিত। এসব প্রতিষ্ঠানে বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড প্রবর্তিত সিলেবাস অনুযায়ী স্বতে-কলমে শিক্ষা কার্যক্রম চলে। ১৯৯৫ সালে শিক্ষা কার্যক্রম শুরু সময় ছাত্রছাত্রী ছিল মাত্র ৫ হাজার। বর্তমানে এসব শিক্ষা প্রতিষ্ঠানে দুই শিফট চালু হয়েছে এবং এগুলোতে প্রায় ৪০ হাজার ছাত্রছাত্রী লেবাপড়া করছে।